

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

নং-শিম/শা:১৩/এমপিও/১-১/২০১৪/০২


তারিখ: ০৫/০১/২০১৫ খ্রি:

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীর এমপিও সংক্রান্ত তথ্য প্রেরণ।

সূত্র : নং-ও.এম/১২(ক-৩)/২০১৩/২৫৭০/২ তারিখ: ২৭/৪/২০১৪ খ্রি:
নং-শিম/শা:১৩/এমপিও/১-১/২০১৪/১৯৮ তারিখ: ২২/০৭/২০১৪ খ্রি:
নং-শিম/শা:১৩/এমপিও/১-১/২০১৪/২৬৬ তারিখ: ২১/০৯/২০১৪ খ্রি:
নং-ওএম/০৩-ম/২০১২/১৬০১৫ তারিখ: ১৪/১২/২০১৪খ্রি:

উপর্যুক্ত বিষয়সূত্রে প্রেরিত বেসরকারি কলেজের কম্পিউটার শিক্ষকের তালিকাটি স্বয়ং সম্পূর্ণ নয় বিধায় মাধ্যমিক বিদ্যালয়ের প্যাটার্ন অনুযায়ী কম্পিউটার বিষয়ের অনুমোদন প্রাপ্ত এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) বিপরীতে এমপিওবিহীন শিক্ষকের নাম, বিষয় অনুমোদনের তারিখ এবং আর্থিক সংশ্লেষ (মাসিক ও বার্ষিক) ছক আকারে সমন্বিতভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু প্রাপ্ত তথ্যাদি স্বয়ং সম্পূর্ণ নয়।

২। এমতাবস্থায়, মাধ্যমিক বিদ্যালয়ের প্যাটার্ন অনুযায়ী কম্পিউটার বিষয়ের অনুমোদন প্রাপ্ত এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) বিপরীতে এমপিওবিহীন শিক্ষকের নাম, বিষয় অনুমোদনের তারিখ এবং আর্থিক সংশ্লেষ (মাসিক ও বার্ষিক) ছক আকারে সমন্বিতভাবে জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(আবু কায়সার খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয় (সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। যুগ্ম-সচিব (মাধ্যঃ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৬.২০১৩.০১


তারিখ: ০৫/০১/২০১৫ খ্রি:

বিষয়: কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার আকবর আলী খান কারিগরি ও বাণিজ্য কলেজের গোপালগঞ্জ জেলা শাখার এমপিও ছাড়করণ সংক্রান্ত।

সূত্র : ১) ৭জি/১৪০২/(ক-৩)/২০০৬/৬০৫৫ তারিখ : ১৭/১১/২০১৪

২) শিম/শা:১৬/বিবিধ (আকবর আলী খান) ৫-৯/২০১৩/১৭০ তারিখ : ১৭/১১/২০১৩

উপর্যুক্ত বিষয়সূত্রে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার আকবর আলী খান কারিগরি ও বাণিজ্য কলেজের ২১৭ (দুই শত সতের) জন এমপিওভুক্ত শিক্ষক/কর্মচারি কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে পূর্বের ন্যায় বেতন ভাতার সরকারি অংশ প্রদানের জন্য এবং গোপালগঞ্জ জেলা শাখায় কলেজ কর্তৃক নিয়োগকৃত শিক্ষকদের এমপিওভুক্তির সুযোগ নেই মর্মে কলেজ কর্তৃপক্ষকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(আবু কায়সার খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন:৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অধ্যক্ষ, আকবর আলী খান কারিগরি ও বাণিজ্য কলেজ, দাউদকান্দি, কুমিল্লা।
- ৪। যুগ্ম-সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।